

ল খি ন্দ র ট্রা জে ডি

কাজী জহিরুল ইসলাম

যুবতীদের ড্রয়ার খুলে দেখেছি নির্জনে
ভাঁজ করা সময়ের পাশে একগাদা স্বপ্নের খাম
তার নিচে কৌশলে লুকানো
একটি রূপার কৌটা

এক শুভ্র সুতানালি সাপ
শুধু লখিন্দর খোঁজে

তখনি রাত্রির কাছে ফেরা
রাত্রি, প্রিয়তমা
আমাকে জড়িয়ে ধরে অঙ্গের উত্তাপে
প্রহরান্তের নিঃশ্বাসে আকাশের জামা থেকে
খসে পড়ে তিনটি বোতাম

অদূরে একটি বাতি জ্বলে, লোভ
আকাশে একটি বাতি জ্বলে, পাপ
রাত্রির অরণ্যে হাঁটে
শ্রাপদের স্ফোভ
অজস্র সুতানালি সাপ।

আবিদজান, আইভরি কোস্ট
১৫ অক্টোবর, ২০০৫